



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

প্রকল্প পরিচালকের কার্যালয়

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)

বেগম রোকেয়া সরণি, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dmtcl.gov.bd



স্মারক নং- ৩৫.০৫.০০০০.১১১.১৪.০১১.২১.৪৯৫

তারিখ: ০২ মাঘ ১৪৩১  
১৬ জানুয়ারি ২০২৫

### জনসাধারণের জন্য বীরউত্তম রফিকুল ইসলাম সরণি রুটের উত্তর বাড্ডা, বাড্ডা এবং আফতাবনগর মেট্রো স্টেশন এলাকার ট্রাফিক সংক্রান্ত বিশেষ নির্দেশনা বিজ্ঞপ্তি

জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ সংরক্ষণে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে বাংলাদেশের সর্বপ্রথম আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল MRT Line-1 নির্মাণের লক্ষ্যে “ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)” প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের প্রস্তাবিত উত্তর বাড্ডা, বাড্ডা এবং আফতাবনগর মেট্রো স্টেশন এলাকায় আগামী ২০ জানুয়ারি ২০২৫, সোমবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিশেষ ব্যবস্থাপনায় পরিষেবা লাইন স্থানান্তরের কার্যক্রম গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, পরিষেবা লাইন স্থানান্তরের কার্যক্রম চলাকালীন বীরউত্তম রফিকুল ইসলাম সরণি রুটে যানজট সৃষ্টি হওয়ার আশঙ্কা রয়েছে। উক্ত করিডোরে চলাচলরত সকল জনসাধারণ ও পরিবহনকে যথেষ্ট সময় নিয়ে বের হওয়ার জন্য এবং প্রয়োজনে সম্ভাব্য বিকল্প পথ ব্যবহারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

এ বিষয়ে সকলের সহানুভূতি ও সহযোগিতা একান্তভাবে কাম্য। সাময়িক অসুবিধার জন্য কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

মোঃ আবুল কাসেম ভূঞা

(প্রকল্প পরিচালক)

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট

প্রজেক্ট (লাইন-১)